বাংলাদেশ পর্যটন করপোরেশন

পরিকল্পনা-১ শাখা

২০২১-২০২২ অর্থ বছরে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া<br>মহাব্যবস্থাপক |
| সভার তারিখ | ০৭ ডিসেম্বর ২০২১ খ্রি: |
| সভার সময় | বিকাল ০৩:০০ টায় |
| স্থান | বাপক প্রধান কার্যালয়ের ঐকতান হল |
| উপস্থিতি | সভায় উপস্থিতির বিবরণী সংযুক্ত |

০২। আলোচনা।

২.১। সভার প্রথমেই বাপক ইনোভেশন টিমের সভাপতি, মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বাপক ইনোভেশন টিমের ইনোভেশন কর্মকর্তা মহাব্যবস্থাপক (পরিকল্পনা) জনাব জাকির হোসেন সিকদার সহ ইনোভেশন টিমের অন্যান্য সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভার আলোচ্য বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক সভাপতির সম্মতিক্রমে বাপক এর ইনোভেশন টিমের সদস্য জনাব মো: সাজেদুল কবির, উপব্যবস্থাপক (পরিকল্পনা) সংস্থা কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবন কর্মপরিকল্পনা, বাস্তবায়িতব্য উদ্ভাবনী- সেবা সহজিকরণ ও ডিজিটাল সেবার ধারনাগুলো বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনার জন্য একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। সভায় আইডিয়া প্রদানকারী কর্মকর্তাসহ সংস্থার অন্যান্য কর্মকর্তারা সংশ্লিষ্ট বিষয়ে তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। এ ছাড়াও সভায় বাপক অধিক্ষেত্রে ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনাগুলোর বর্তমান অবস্থার পর্যালোচনাসহ ভবিষ্যৎ করণীয় সম্পর্কেও আলোচনা হয়।

২.২। সভাপতি মহোদয় সভায় উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের পূর্বেই বাস্তবানের জন্য সচেষ্ট থাকার আহ্বান জানান। বাপক ইনোভেশন টিমের সদস্য, ব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোহাম্মদ এহসানুল কবির চলতি অর্থ বছরে তার প্রদত্ত দুটি ধারনার (সেবা সহজিকরণ ও ডিজিটাল) বিষয়বস্তু ও বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত সভাকে অবহিত করেন। সে সাথে তিনি জানান যে, আইডিয়াগুলোর বাস্তবায়ন কাজ একেবারে শেষ পর্যায়ে। তিনি উল্লেখ করেন যে, সেবা সহজিকরণ ও ডিজিটাল সেবা ধারনা দুটির এপ্লিকেশন এখনই সম্ভব। তবে যেহেতু এটি একটি চলমান প্রক্রিয়া সেক্ষেত্রে এর উন্নয়ন ও সমৃদ্ধকরণ অব্যাহত থাকবে। এছাড়া, জনাব মোহাম্মদ ফয়জুল কবির, ইউনিট ব্যবস্থাপক, বাপক রুফটপ রেস্তোরাঁ তার প্রদত্ত ধারনাটির (উদ্ভাবনী) বিষয়স্তু ও বাস্তবায়ন অগ্রগতি নিয়েও সভাকে অবহিত করেন। তিনি নির্ধারিত সময়ের অনেক পূবেই তার প্রদত্ত ধারনাটির বাস্তবায়ন হবে বলে আশা প্রকাশ করেন। তিনি আরও জানান যে, প্রাথমিকভাবে পরীক্ষামূলক তার প্রদত্ত ধারণাটির এপ্লিকেশন শুরু করেছেন এবং ইতোমধ্যেই যথেষ্ট পরিমান গ্রাহকের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছেন। ধারনাটি পুরোপুরি বাস্তবায়িত হলে বাপক'র ব্যবসা (বিশেষকরে বাপক প্রধান কার্যালয়ের রুফটপে অবস্থিত রুফটপ রেস্তোরাঁর) বৃদ্ধিতে তা উল্লেখযোগ্য অবদান রাখবে বলে আশা করা যায়। এ পর্যায়ে ব্যবস্থাপক (প্রশাসন ও আইটি) জানান যে, এ ধারনাটির যুগোপযোগী, আকর্ষণীয় ও কার্যকরীভাবে বাস্তবায়ন করতে হলে প্রাথমিক পর্যায়েই প্রায় ০১ লক্ষ টাকার বাজেট প্রয়োজন। ইনোভেশন খাতে চলতি অর্থ বছরে বাজেটের মধ্যে তার সংকোলান না হলে অন্য কোনো খাত হতে এ অর্থের সংস্থান করা যায়।

২.৩। সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের ধারনাগুলোর বিষয়ে বিশেষকরে ধারনাগুলোর বিষয়বস্তু ও এর কার্যকারীতা নিয়ে অধিকতর পর্যালোচনার জন্য কর্তৃপক্ষের সহিত আলোচনার আহ্বান জানান। প্রয়োজনে তিনি চলতি অর্থবছরের গৃহিত উদ্ভাবনী ধারনাগুলোর স্থানে বাপক'র অধিক্ষেত্রে অধিকতর উপযোগী ও কার্যকর ধারণা নতুন করে সংগ্রহ করে বাস্তবায়ন করা যেতে পারে। সে ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সংগে যোগাযোগ করা যেতে পারে। অধিকতর উপযোগী ধারণা সংগ্রহের লক্ষ্যে ইনোভেশন টিম এখনই প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। উপযোগীতা ও সম্ভাব্যতা বিবেচনায় সংগৃহিত ধারনাগুলো চলতি বা আগামী অর্থবছরে বাস্তবায়ন করা যায়। সে সাথে তিনি উল্লেখ করেন যে, বাপক'র প্রদত্ত সেবার মান বৃদ্ধিসহ ব্যবসা বৃদ্ধি সম্পর্কিত আইডিয়া বছরব্যাপী বাপক কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে সংগ্রহের উদ্যোগও গ্রহণ করা যায়। এ প্রসংগে বাপক ইনোভেশন টিমের সদস্য জনাব মো: আব্দুস সামী উল্লেখ করেন যে, এসপায়ার টু ইনোভেট (এটুআই) কর্তৃক গত ১৬-১৮ নভেম্বর ২০২১ তারিখ আয়োজিত গভমেন্ট টু বিজন্যাস (জিটুবি) বিষয়ক কর্মশালায় অংশগ্রহণপূর্বক তাদের প্রদত্ত ধারনাটি নিয়ে সভাকে অবহিত করলে সভাপতি মহোদয়সহ সকলে ধারনাটি বাপক অধিক্ষেত্রে অধিকতর উপযোগী ও যুগোপযোগী হতে পারে বলে মতামত প্রদান করেন। উল্লেখিত ধারনাটির বিস্তারিত বিবরণীসহ কর্মশালায় অংশগ্রহণকারী টিমবে এ বিষয়ক একটি প্রতিবেদন দেয়ার আহ্বান জানান। সার্বিক বিবেচনায় উপযোগী হলে ধারনাটি কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে যথাসম্ভব দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যায়। সভার এ পর্যায়ে জনাব মো: সাজেদুল কবির সভাকে বাপক'র দাপ্তরীক কাজে ই-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে সভাপতির মনোযোগ আকর্ষণ করলে ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য বাপক'র সকল কর্মকর্তাকে অবহিত করার আহ্বান জানান। সে সাথে তিনি বলেন যে, একান্তভাবে অপরিহার্য না হলে দাপ্তরীক সকল কাজ ই-নথিতে সম্পাদনের প্রতি জোর দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অবহিত করার কার্যক্রম গ্রহণ করা যায়।

২.৪। জনাব মো: সাজেদুল কবির সভাকে অবহিত করেন যে, 'উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন' ও '৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' দুটি বিষয়ে ০৪ টি করে মোট আটটি কর্মশালার আয়োজন করতে হবে। সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন যে, গত ০৭ ডিসেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত বাপক'র ডিসেম্বর মাসের সমন্বয় সভায় বাপক পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সূত্রে সম্মানিত চেয়ারম্যান মহোদয় '৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে' একাধিক কর্মশালা প্রশাসনিক মন্ত্রণালয় ও এটুআই এর বিশেজ্ঞদের নিয়ে সম্বৃদ্ধভাবে আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা দিয়েছেন। এ মাসের মধ্যেই বাপক প্রশিক্ষণ শাখা হতে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। সে সাথে তিনি আরও বলেন যে, ৪র্থ শিল্প বিপ্লব বিষয়টি আমাদের জন্য নতুন। এ বিষয়ে অনেকেরই সম্মখ ধারনা না থাকায় ৪র্থ বিপ্লব সম্পর্কে প্রাথমিক অবগতি মূলক ধারনা অর্জনের জন্য কর্মশালার পূর্বে নিজেদের মধ্যে একটি আলোচনা/মতবিনিময় সভার আয়োজন করা যায়। সে সাথে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ ডিসেম্বর মাসের সুবিধাজনক সময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের সহিত সমন্বয় ও সহযোগীতায় আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

**০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়;**

৩.১। বাপক'র উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। এ বছর থেকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) অন্তর্ভূক্ত করা হয়েছে। ফলে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে কোনো ঘাটতি থাকলে তা এপিএ-তে প্রভাব ফেলবে। **(বাস্তবায়নে-বাপক ইনোভেশন টিম)**

৩.২।

ক। চলতি অর্থ বছরে সংস্থার গৃহিত ও বাস্তবায়িতব্য উদ্ভাবনী আইডিয়াগুলো বাস্তবায়নে সর্বোচ্চ সচেষ্ট থাকতে হবে। সে সাথে আইডিয়াগুলোর শিরোনামসহ অধিকতর কার্যকর ও উপযোগীকরণে করণীয় নির্ধারন সম্পর্কে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত ও মতামতসহ কর্তৃপক্ষের সাথে নির্ধারিত বা অনির্ধারিত সভার আয়োজন করতে হবে। সে ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় ও সে সাথে মন্ত্রিপরিষদ বিভাগের মতামত নিতে হবে।

**(বাস্তবায়নে-বাপক ইনোভেশন টিম/ব্যবস্থাপক প্রশাসন)**

খ। গৃহিত আইডিয়াগুলো যুগোপযোগী ও অধিকতর কার্যকরীভাবে বাস্তবায়নে অতিরিক্ত অর্থের সংস্থান প্রয়োজন হলে তা

দ্রুত কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করতে হবে। যেহেতু ইনোভেশন খাতে বাজেট সীমিত সে ক্ষেত্রে প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অন্য কোনো খাত হতে এ ব্যয় সংকোলানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

**(বাস্তবায়নে-বাপক ইনোভেশন টিম ও সংশ্লিষ্ট উদ্ভাবক )**

গ। উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক ডিজিটাল আইডিয়াটি বাস্তবায়ন ডিসেম্বর মাসের মধ্যেই করতে হবে, সে ক্ষেত্রে বাপক কর্তৃপক্ষকে আইডিয়াটি বাস্তবায়নে প্রয়োজনীয় প্রমাণকসহ অবগত করিয়ে ও অনুমোদন স্বাপেক্ষে অফিস আদেশ জারীসহ অন্যান্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। সে সাথে ইতোমধ্যে বাপক অধিক্ষেত্রে বাস্তবায়িত ধারণাগুলো অধিকতর কার্যকরকরণে অর্থের সংস্থানসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

***(বাস্তবায়নে-বাপক ইনোভেশ টিম/জনাব মোহাম্মদ এহসানুল কবির)***

৩.৩। বাপক অধিক্ষেত্রে অধিকতর উপযোগী ও কার্যকরী উদ্ভাবনী ধারণা আহ্বানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। এসপায়ার টু ইনোভেট (এটুআই) কর্তৃক গত ১৬-১৮ নভেম্বর ২০২১ তারিখ আয়োজিত গভর্মেন্ট টু বিজন্যাস (জিটুবি) বিষয়ক কর্মশালায় অংশগ্রহণকারী টিম আগামি ০৭ কর্মদিবসের মধ্যে সংস্থার কর্তৃপক্ষ বরাবরে বিস্তারিত প্রতিবেদন জমা দিবে। ***(বাস্তবায়নে- ইনোভেশন টিম ও কর্মশালায় অংশগ্রহণকারী টিম)***

৩.৪। ৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে ০১ টি কর্মশালা ডিসেম্বর মাসের সুবিধাজনক সময়ে কর্তৃপক্ষকে অবগত করিয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও এটুআই-এর বিশেষজ্ঞদের সহায়তায় সমৃদ্ধভাবে আয়োজন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। **(বাস্তবায়নে- ব্যবস্থাপক, প্রশিক্ষণ)**

৩.৫। উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক একটি কর্মাশালা চলতি ডিসেম্বর মাসের সুবিধাজনক সময়ে কর্তৃকক্ষের সদয় অনুমোদন স্বাপেক্ষে প্রশাসনিক মন্ত্রণালয়ের সহায়তায় আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। **(বাস্তবায়নে- বাপক ইনোভেশন টিম)**

৩.৬। ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য প্রয়োজনে বাপক প্রশাসনিক শাখা হতে একটি অফিস আদেশ জারীর উদ্যোগ গ্রহণ করতে হবে। **(বাস্তবায়নে- প্রশাসন শাখা)**

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সংস্থার উত্তরোত্তর উন্নয়ন ও সকলের সু-স্বাস্থ্য কামনা এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
মহাব্যবস্থাপক

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮.৩৩৫

তারিখ: ৫ পৌষ ১৪২৮
২০ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৩) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৪) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৫) অধ্যক্ষ (এনএইচটিটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৬) প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

৭) ব্যবস্থাপক (প্রশিক্ষণ ও পরিসংখ্যান), পরিকল্পনা-২ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন

৮) ব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন

৯) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১০) ব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১১) ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১২) ব্যবস্থাপক, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১৩) ব্যবস্থাপক, সংগ্রহ শাখা, ডিএফও, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১৪) ব্যবস্থাপক , বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১৫) ব্যবস্থাপক , অডিট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১৬) নির্বাহী প্রকৌশলী (সিভিল)-২, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন

১৭) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন

১৮) উপব্যবস্থাপক , পরিকল্পনা-১ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন

১৯) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

২০) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন


২১) নির্বাহী কর্মকর্তা, সাধারণ সেবা শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন

২২) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

২৩) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা , পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

২৪) সহকারী নির্বাহী কর্মকর্তা , আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন

২৫) সহকারী নির্বাহী কর্মকর্তা, প্রশাসন শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন



মোঃ সাজেদুল কবির
উপব্যবস্থাপক